

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৫৭

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - ফাই (বিনাযুদ্ধে প্রাপ্ত শত্রুদের সম্পদ)-এর বর্ণনা

## আরবী

عَن عوف بْنِ مَالِكِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا أَتَاهُ الْفَيْءُ قَسَمَهُ فِي يَوْمِهِ فَأَعْطَى الْآهِلَ حَظَّيْنِ وَكَانَ لِي أَهْلٌ يَوْمِهِ فَأَعْطَى الْآهِلَ حَظَّيْنِ وَكَانَ لِي أَهْلٌ ثُمَّ دُعِيَ بَعْدِي عَمَّارُ بْنُ يَاسِرٍ فَأُعْطِيَ حَظًّا وَاحِدًا. رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

৪০৫৭-[৩] 'আওফ ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট যখনই কোনো 'ফাই'-এর ধন-সম্পদ আসতো, তখন তিনি অবিলম্বে সেদিনই তা বল্টন করে দিতেন। অবশ্য বল্টনের মধ্যে এ নিয়ম-নীতি অবলম্বন করতেন যে, যার পরিবার-পরিজন আছে তাকে দু'ভাগ এবং অবিবাহিতের জন্য একভাগ দিতেন। একদিন আমাকে ডেকে 'ফাই'-এর দু'ভাগ দিলেন। কেননা আমি বিবাহিত ছিলাম। আমার পরে 'আম্মার ইবনু ইয়াসির (রাঃ)-কে ডেকে তাকে দেয়া হলো একভাগ (কারণ তিনি ছিলেন অবিবাহিত)। (আবূ দাউদ)[1]

# ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ২৯৫৩, সহীহ আল জামি 8৬৪২।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ كَانَ إِذَا أَتَاهُ الْفَيْءُ قَسَمَه فِيْ يَوْمِه) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর অভ্যাস এই ছিল যে, যখন তাঁর নিকট 'ফাই-এর মাল আসতো তিনি তা সেদিনই বন্টন করতেন। অর্থাৎ 'ফাই' এর মাল থেকে নিজ পরিবারের জন্য খরচের পরিমাণ মাল রাখার পর অবশিষ্ট মাল সাথে সাথেই বন্টন করতেন বিলম্ব না করে।

वे गुक्तिरक वना रग्न विवारिक वर्शा (فَأَعْطَى الْأَهِلَ حَظَّيْن) পরিবারওয়ালাকে দু' বন্টন দিতেন। أَهِلُ حَظَّيْن فَ مَا عَطَى الْأَهِلَ حَظَّيْن



পরিবার আছে। ইমাম শাওকানী নায়লুল আওত্বারে বলেনঃ অত্র হাদীস প্রমাণ করে যে, বায়তুল মাল থেকে ভাতা দেয়ার ক্ষেত্রে গ্রহীতার পরিবারের লোক সংখ্যার বিষয়টি খেয়াল রাখা প্রয়োজন। ('আওনুল মা'বূদ ৫ম খন্ড, হাঃ ২৯৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন